


Government of West Bengal
Office of the District Magistrate & District Election Officer
Coochbehar
(Election Section)

ভারতীয় দণ্ডবিধির ১৭১ ধারার খ উপধারা অনুসারে, নির্বাচন প্রক্রিয়া চলাকালীন কোন ব্যক্তিকে অবৈধ ভাবে ভোটদানে প্রভাবিত করার উদ্দেশ্যে কোন ব্যক্তি যদি অর্থ বা পারিতোষিক প্রদান করেন অথবা নিজে ওই অর্থ বা পারিতোষিক গ্রহণ করেন তবে তার এই আচরণ শাস্তিযোগ্য অপরাধ। এই কারণে ওই ব্যক্তির এক বছর পর্যন্ত শাস্তি অথবা জরিমানা অথবা উভয়ই হতে পারে। উপরন্তু ভারতীয় দণ্ডবিধির ১৭১ ধারার গ উপধারা অনুসারে, কোন ব্যক্তি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন এমন প্রার্থীকে অথবা ভোটারকে যদি ভীতি প্রদর্শন করেন অথবা কোনরকম ক্ষতি সাধনের ভয় দেখান, সে ক্ষেত্রে ওই ব্যক্তিকে এক বছর পর্যন্ত শাস্তি অথবা জরিমানা অথবা উভয়েরই সম্মুখীন হতে হবে। উৎকোচ প্রদান করেছেন অথবা ভোটারদের ভীতি প্রদর্শন করেছেন এমন সকল ব্যক্তিদের উদ্দেশ্যে ফ্লাইং স্কোয়াড গঠন করা হয়েছে যার মাধ্যমে এই সকল অপরাধীর বিরুদ্ধে মামলা রুজু করা হবে। সকল নাগরিকের প্রতি আবেদন আপনারা কোন প্রকার উৎকোচ গ্রহণ করা থেকে নিজেদের বিরত রাখুন। উৎকোচ দেওয়ার অথবা ভীতি প্রদর্শনের কোন ঘটনা যদি আপনার নজরে আসে তবে তৎক্ষণাত্ জেলার অভিযোগ গ্রহণ কেন্দ্রে যোগাযোগ করতে পারেন অথবা টোল ফ্রী ১৯৫০ নম্বরে ফোন করতে পারেন।



জেলা সমাহর্তা ও
জেলা নির্বাচন আধিকারিক,
কোচবিহার